*AH-V/Bengali-503DSE-1/19*

# B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

# BENGALI

**Course ID : 50116** **Course Code : AH/BNG-503DSE-1**

Course Title: মধ্যযুগের বাংলা সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) তোমার পঠিত প্রার্থনা বিষয়ক পদ দুটির প্রথম লাইন তুলে ধরো। ২

(খ) 'তোমার চরণে আমার পরাণে
বাঁধিল প্রেমের ফাঁসি'।
— পদটি কার লেখা কোন পর্যায়ের পদ? ২

(গ) কালকেতুর পিতামাতার নাম কী?

(ঘ) কবি কঙ্কণ মুকুন্দ 'চণ্ডীমঙ্গল' কাব্যের ভণিতায় যে সমস্ত বিকল্প নাম উল্লেখ করেছেন, তার দুটি নাম লেখো।

(ঙ) 'চৈতন্যচরিতামৃতের আদি লীলার চতুর্থ পরিচ্ছেদের সূচনায় যে সংস্কৃত শ্লোকটি আছে তা উল্লেখ করো।

(চ) কাম ও প্রেমের পার্থক্য বোঝাতে কৃষ্ণদাস কোন উপমার প্রয়োগ ঘটিয়েছেন, তা তুলে ধরো।

(ছ) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে 'কবির আত্মবিবরণী' অংশে কোন কোন শাসনকর্তার নাম পাওয়া যায়, তা লেখো।

(জ) কেতকাদাস ক্ষেমানন্দের জন্মস্থান উল্লেখ করো।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) তোমার পঠিত অভিসার পর্যায়ের পদটির শিরোনাম উল্লেখ করে পদটির তাৎপর্য নিরূপণ করো।

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্য অবলম্বনে কবিকঙ্কণ মুকুন্দের আত্মবিবরণীর পরিচয় দাও।

(গ) 'বিষয় জাতীয় সুখ আমার আস্বাদ। আমা হইতে কোটিগুণ আশ্রয়ের আহ্লাদ'। — বিষয়ের থেকে কেন আশ্রয়ের আহ্লাদ কোটিগুণ বেশি, তা বুঝিয়ে দাও।

(ঘ) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্য অবলম্বনে চাঁদ বণিক চরিত্রটির বর্ণনা দাও।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) 'মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ কবি বিদ্যাপতি'। — মন্তব্যটি বিচার করো।

(খ) কবিকঙ্কণ মুকুন্দ রচিত 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখেটিক খণ্ডে বিধৃত সমাজ-বাস্তবতার পরিচয় দাও।

(গ) কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের আদি লীলার চতুর্থ পরিচ্ছেদে চৈতন্য আবির্ভাবের কারণ যেভাবে বর্ণনা করা হয়েছে তার পরিচয় দাও।

(ঘ) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে বেহুলা চরিত্রনির্মাণে কবির কৃতিত্ব তুলে ধরো।

———————

## B.A. 5th Semester (Honours) Examination, 2019-20
## BENGALI

**Course ID : 50116** **Course Code : AH/BNG-503DSE-1**

Course Title: রবীন্দ্র সাহিত্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) 'চতুরঙ্গ' উপন্যাস পুস্তকাকারে কত সালে প্রকাশিত হয়? এর চারটি অঙ্গের নাম লেখো। ১+১=২

(খ) হরিমোহন কার বিরুদ্ধে কী নিয়ে কোর্টে নালিশ রুজু করেছিল?

(গ) 'নিদ্রিতা' কবিতাটি রবীন্দ্রনাথ কবে, কোথায় রচনা করেন? ১+১=২

(ঘ) 'বধূ' কবিতায় কোন ঋতুর কথা আছে? এ সময়ে কোন ফুল ফুটেছিল? ১+১=২

(ঙ) 'প্রিয়ারে আমার তুলেছে জাগায়ে
প্রলয়রোল।' — কার লেখা, কোন কবিতার অংশ? ১+১=২

(চ) 'অহল্যার প্রতি' কবিতাটি রবীন্দ্রনাথ কবে কোথায় রচনা করেন। ১+১=২

(ছ) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্রের' ১২০ সংখ্যক পত্রে যে কবিতার উল্লেখ করেছিলেন তার প্রথম লাইনটি লেখো।

(জ) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্রের' ৯ সংখ্যক পত্র যখন লেখেন তখন তাঁর বয়স কত ছিল? এই পত্রটি কোথায় লিখেছিলেন? ১+১=২

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'সাধ মিটিল না, জন্মান্তরে আবার যেন তোমাকে পাই' — উদ্ধৃত অংশটির বক্তা চরিত্রের মানসিকতা তুলে ধরো।

(খ) 'ঝুলন' কবিতার গীতিধর্মী আবেদনের দিকটি বিশ্লেষণ করো।

(গ) দিলে আজি দেখা
ধরিত্রীর সদ্যোজাত কুমারীর মতো
সুন্দর, সরল, শুভ্র; ......'
— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য নিরূপণ করো।

(ঘ) 'ছিন্নপত্রে'র ৪৬ সংখ্যক পত্রে রসিকতা সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য তুলে ধরো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) 'চতুরঙ্গ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'বৈষ্ণব কবিতা'য় রবীন্দ্রনাথের যে মানবপ্রীতি ও মর্তমমতার ছবি পরিস্ফুট হয়েছে তার বর্ণনা দাও।

(গ) 'সুরদাসের প্রার্থনা' কবিতায় প্রেম ও সৌন্দর্যানুভূতির যে পরিচয় পাওয়া যায় তার পরিচয় দাও।

(ঘ) রবীন্দনাথের মন কীভাবে প্রকৃতি ও মানবের মাঝে আত্মহারা হয়ে গিয়েছিল তা তোমার পাঠ্য ছিন্নপত্রে'র পত্র অবলম্বনে ব্যাখ্যা করো।

# B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 50116** **Course Code : AH/BNG-503DSE-1**

Course Title: আধুনিক কবিতা

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) 'যে জীবন ফড়িঙের, দোয়েলের - মানুষের সাথে তার হয় নাকো দেখা' — কবি একথা লিখেছেন কেন?

(খ) 'ক্যাম্পে' কবিতাটি কোন পত্রিকায় কত বঙ্গাব্দে প্রথম প্রকাশিত হয়?

(গ) আরুণির নাম উদ্দালক হয়েছে কেন?

(ঘ) 'সত্য এবার হয়েছে জমকালো' — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) 'মৃত গাছটির পাশে উত্তরের হাওয়ায় কিছুটা মায়া লেগে আছো।' — কার লেখা, কোন কবিতার অংশ?

(চ) 'নদীর শিয়রে ঝুঁকে পড়া মেঘ
প্রান্তরে দিগন্ত নির্নিমেষ' — 'শিয়রে' ও 'নির্নিমেষ' শব্দটির অর্থ লেখো।

(ছ) 'রাখালের হাতে গীতিকবিতার মিল' — উক্তিটির তাৎপর্য সংক্ষেপে লেখো।

(জ) 'নির্বাসন' কবিতায় কবির দেখা গ্রামগুলিকে তাঁর মায়ের শৈশব মনে হওয়ার কারণ কী?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'আরো এক বিপন্ন বিস্ময়'
আমাদের অন্তর্গত রক্তের ভিতরে
খেলা করে;' — বিশ্লেষণ করো।

(খ) 'সেই বাড় নিচে চাড়িয়ে যায়
শিকড়ে শিকড়ে মাথা খোঁড়ে, আর
এখানে-ওখানে মাটি ফুঁড়ে
হয়ে ওঠে এক অন্য গাছ।' — তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) 'এ আমারই সাড়ে-তিন হাত ভূমি' — কেন লিখেছেন কবি?

(ঘ) 'আমি যত গ্রামে যত মুক্তক পাহাড়শ্রেণী দেখি' — পাহাড় শ্রেণীকে 'মুক্তক' বলার কারণ কী?

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) 'সৃষ্টির হাতে আমরা ঢের নিঃসহায় — 'ক্যাম্পে' কবিতাটির ইঙ্গিত এই' — কবির এই কথা অবলম্বন করি কবিতাটির বিশ্লেষণ করো।

(খ) 'চূড়া'-র শীর্ষবাচকতা আর 'রাধা'-র নারীবাচকতা একসঙ্গে মিলে গিয়ে সমকালের সঙ্গে তাকে জড়িয়ে নিতে পেরেছিল। — কবির এই কথার সূত্রে 'রাধাচূড়া' কবিতার নামকরণ বিষয়ে আলোচনা করেন।

(গ) 'উত্তরাধিকার' কবিতায় নবীন কিশোরকে কবি কী কী দিতে চেয়েছেন?

(ঘ) 'নিরীশ্বর পাখিদের উপাসনালয়ে' কবিতাটির বিষয়বস্তু ও ভাষা বিষয়ে আলোকপাত করো।